ভোরের কাগজ

তারিখ ... 0.5 JUL 1998 ...
পৃষ্ঠা ... কলাম ...

সাড়ে ১৩ কোটি টাকা বরাদ্দ

# ১৮টি এনজিওর মাধ্যমে ২৭০টি প্রাথমিক স্কুল স্থাপন করবে সরকার

সরকার এই প্রথমবারের মতো রাজস্ব বাজেটে বেসরকারি সংস্থা (এনজিও)-এর মাধ্যমে প্রাথমিক স্কুল স্থাপনের জন্য তহবিল বরাদ্দ করেছে। শিক্ষা মন্ত্রণালয়ের একটি সূত্র জানিয়েছে, দেশের প্রত্যন্ত অঞ্চলে ২৭০টি প্রাথমিক বিদ্যালয় স্থাপনের জন্য ১৮টি এনজিওকে মনোনীত করা হয়েছে। এ বিদ্যালয় স্থাপনে সাড়ে ১৩ কোটি টাকা ব্যয় হবে। ইউএনবি।

সূত্র জানায়, প্রতিটি স্কুল স্থাপনের জন্য সরকার পাঁচ লাখ টাকা দেবে। সংশ্লিষ্ট এনজিও এ স্কুল পরিচালনা করবে। ২০০৫ সালের মধ্যে নিরক্ষরতা নির্মূল করার লক্ষ্যমাত্রা অর্জনের উদ্দেশে এ স্কিম হাতে নেওয়া হয়েছে। আগামী জানুয়ারি থেকে এ স্কুলগুলো চালু হবে বলে আশা করা হচ্ছে।

সরকারি পরিসংখ্যানে দেখা গেছে, দেশে বর্তমানে ৭৮ হাজার প্রাথমিক স্কুল রয়েছে। তবে ৬ হাজার গ্রামে কোনো স্কুল নেই। এনজিও কর্তৃক পরিচালিত স্কুলে ১-৫ম শ্রেণী পর্যন্ত পাঁচটি ক্লাসে ন্যূনতম ৫০০ ছাত্রছাত্রী থাকবে। তবে এ স্কুল ৮ম শ্রেণী পর্যন্ত সম্প্রসারণ করা যাবে।

ভবিষ্যতে কোনো সরকারি অনুদান ছাড়াই সংশ্লিষ্ট এনজিও স্কুল পরিচালনা করবে এবং স্কুল পরিচালনার ব্যাপারে আয়ের উৎস উল্লেখ করে সরকারের কাছে বিবরণী পেশ করবে।